সংবাদ

14 FEB 2017
পৃষ্ঠা ৩ কলাম ৩

পলাশবাড়ী নারায়ণপুর সর. প্রাথ. স্কুল

# দুই শিক্ষক দিয়ে চলছে পাঠদান

**প্রতিনিধি, পলাশবাড়ী (গাইবান্ধা)**

গাইবান্ধার পলাশবাড়ী উপজেলার বরিশাল ইউনিয়নের ২নং নারায়ণপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে দু'জন শিক্ষক দিয়ে পাঠদান। জানা যায়, উক্ত বিদ্যালয়ে ২০৮ জন শিক্ষার্থীর বিপরীতে ৫ জন শিক্ষক থাকার কথা। সেখানে মাত্র ২ জন শিক্ষক গত ২ বছর যাবৎ পাঠদান করে আসছে। এতে করে শিক্ষার্থীদের পাঠদান ব্যাহত হচ্ছে। সরেজমিন ঘুরে দেখা যায়, শিশু শ্রেণীতে ২৫ জন, ১ম শ্রেণীতে ৪০ জন, ২য় শ্রেণীতে ৪৮ জন, ৩য় শ্রেণীতে ৩৬ জন, ৪র্থ ৩৪ জন, ৫ম ২৫ জনসহ মোট শিক্ষার্থী ২০৮ জন। ২০৮ জন শিক্ষার্থীকে পড়ালেখা করার জন্য শিক্ষক প্রয়োজন নিম্ন ৪ জন। অথচ বিদ্যালয়টিতে প্রধান শিক্ষিকা আলেয়া ফেরদৌছি ও সহকারি শিক্ষক এই দুইজন শিক্ষক বর্তমানে ২০৮ জন শিক্ষার্থীর ২ শিফটে ক্লাস নিতে হিমশিম খাচ্ছে। এতে করে শিক্ষার্থীদের সঠিক পাঠদান ব্যাহত হচ্ছে। অপরদিকে প্রাক-প্রাথমিক শিক্ষিকা দিলারা পারভীন ডিপিএড ট্রেনিং করতে গাইবান্ধায় আছেন। এ ব্যাপারে প্রধান শিক্ষিকা আলেয়া ফেরদৌসি জানান, আমি খুব অসহায়ের মধ্যে আছি। আপনারদের মাধ্যমে উপজেলাসহ উর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে শিক্ষার্থীদের পাঠদান ব্যাহত যেন না হয়, সে জন্য চাহিদা অনুযায়ী শিক্ষক/শিক্ষিকা ডিপুটিশনে হলেও আমার বিদ্যালয়ে শূন্য পদ পূরণের জন্য আবেদন জানাচ্ছি।